



মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপো/প্রশাঃ/সাধাঃ-২০২৪/৩৩৮

তারিখ : ০৬/০৩/২০২৪ খ্রি.

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

০১	সভার সভাপতি	: জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।
০২	সভার নাম	: আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা।
০৩	সভার তারিখ	: ০৬/০৩/২০২৪ইং।
০৪	সভার বার	: বুধবার।
০৫	সভার সময়	: সকাল ১২.০০ ঘটিকা।
০৬	সভার স্থান	: মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

সভার উপস্থিতি- (পরিশিষ্ট-ক)

অত্র পৌরসভার মেয়র ও অত্র কমিটির সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় তিনি আইন শৃঙ্খলা বিষয়ে সকলকে সজাগ থাকার আহ্বান জানান। অত্র কমিটির সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারীকে মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির বিগত সভার কার্যবিবরণী উপস্থাপনের নির্দেশ প্রদান করেন।

আলোচ্য সূচী : (১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও স্থিরিকরণ :

আলোচনা : - সভাপতির নির্দেশ মোতাবেক অত্র কমিটির সহায়ক কর্মকর্তা আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির বিগত ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. তোরিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পঠিত কার্যবিবরণীর উপর সদস্যগণ আলোচনা করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে বিগত সভার কার্যবিবরণী কোন প্রকার সংশোধনী, পরিবর্তন ও পরিবর্ধন না থাকায় পূর্ববর্তী সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

(২) সার্বিক আলোচনা :

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা- সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভাল অবস্থায় রয়েছে। চলতি মাসেই ৭ই মার্চ, ২০২৪ ঐতিহাসিক ভাষণ উপলক্ষে দিন ব্যাপি বিভিন্ন কর্মসূচি পালন, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন উপলক্ষে মানিকগঞ্জ পৌর এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি যাহাতে শান্তি পূর্ণ অবস্থা বজায় থাকে তার দিকে খেয়াল রাখতে হবে। এ সময় স্বার্থান্বেষী মহল বিশৃঙ্খলা ঘটাতে পারে। নির্বাচিত প্রতিনিধি হিসেবে পৌর এলাকার আইন শৃঙ্খলা বজায় রাখার দায়িত্ব আমাদের উপরই বর্তায়। তাই সমাজের গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে উঠান বৈঠকের মাধ্যমে আইন শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে মতবিনিময় সভা করা যেতে পারে।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্ব পূর্ণ। বর্তমানে মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলার অবস্থা সন্তোষজনক। আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে হলে আমাদেরকে সচেতন থাকতে হবে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে মানিকগঞ্জ পৌরসভা হতে ৭ই মার্চ, ২০২৪ ঐতিহাসিক ভাষণ উপলক্ষে দিন ব্যাপি বিভিন্ন কর্মসূচি, ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিন উপলক্ষে ১০৪ পাউড কেক তৈরী সহ অন্যান্য কর্মসূচি পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত বিভিন্ন খেলার উপহার সামগ্রী ক্রয় পূর্বক বিতরণ সহ অন্যান্য কর্মসূচি যথাযথ ভাবে পালনের এবং দিবস সমূহে আইন শৃঙ্খলা পরিস্থিতির যেন কোন অবনতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসমতিক্রমে গৃহিত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ।

(মোঃ রমজান আলী)

মেয়ার

মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ বিজ্ঞপ্তি পৌরসভা, মানিকগঞ্জ।

সভাপতি

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি।

তারিখ : ০৬/০৩/২০২৪ খ্রি। ০২

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/সাধাঃ-২০২৪/৩৩৮

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :-

০১। জনাবকাউন্সিলর ও সদস্য আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক

স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

০২। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

০৩। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

০৪। জনাব

০৫। অফিস কপি

মেয়ার

মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ স্থায়ী কমিটি প্রাপ্তি মোঃ রমজান আলী

মেয়ার

সভাপতি মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি।

০২